# ইংল্যান্ডে অঙ্গদান বিষয়ক আইন পরিবর্তিত হয়েছে

# আপনার এখনো সিদ্ধান্ত বেছে নেওয়ার সুযোগ রয়েছে

## ইংল্যান্ডে অঙ্গদান এখন একটি ‘অপ্ট আউট’ ব্যবস্থায় রূপান্তরিত হয়েছে

ইংল্যান্ডের সকল প্রাপ্ত বয়স্ক ব্যক্তি তাদের মারা যাওয়ার পর অঙ্গ ও টিস্যু দানে সম্মত হয়েছেন বলে ধরে নেওয়া হবে যদি না তারা দাতা না হওয়ার সিদ্ধান্ত রেকর্ড করে রাখেন, তাদের পরিবারকে দাতা না হওয়ার সিদ্ধান্তের কথা জানিয়ে যান অথবা নিম্নলিখিত কোনো একটি বহির্ভূত দলের অন্তর্ভুক্ত হন:

- 18 বছরের কম বয়স্ক ব্যক্তি
- নতুন ব্যবস্থাপনা বুঝতে ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে মানসিকভাবে অক্ষম ব্যক্তি
- যেসকল ব্যক্তি মৃত্যুর আগে 12 মাসের কম সময় ইংল্যান্ডে বাস করেছেন
- ইংল্যান্ডের দর্শনার্থী
- যেসকল ব্যক্তি স্বেচ্ছায় এখানে বাস করছেন না।

নতুন ব্যবস্থা শুধুমাত্র নিয়মিত প্রতিস্থাপনের জন্য ব্যবহৃত অঙ্গ ও টিস্যুর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

মারা যাওয়ার পর আপনি অঙ্গদাতা হবেন কিনা সে ব্যাপারে এখনো আপনার সিদ্ধান্ত নেওয়ার সুযোগ রয়েছে। আপনার বিকল্পগুলো এই ফ্যাক্টশীটে বর্ণিত রয়েছে।

## অনুগ্রহ করে আপনার অঙ্গদান বিষয়ক সিদ্ধান্ত গ্রহণ করুন ও অন্যদেরকে অবহিত করুন

এ বিষয়ে আপনার পরিবার ও বন্ধু-বান্ধবের সাথে আলোচনা করুন যাতে আপনারা একে অপরের সিদ্ধান্তগুলো জানতে পারেন।

## আপনার অঙ্গদান বিষয়ক সিদ্ধান্ত অন্যদেরকে জানানো জরুরি কেন?

মৃত্যুর পর আপনার অঙ্গ দান করা হবে কিনা সে বিষয়ে আপনার পরিবারের সাথে আলোচনা করা হবে।

এর অনেকগুলো কারণ রয়েছে:

- আপনার পরিবারের বিবেচনার জন্য
- আপনার অঙ্গদান বিষয়ক সিদ্ধান্ত সম্পর্কে আপনার পরিবার NHS অঙ্গদাতা রেজিস্টারের রেকর্ডের তুলনায় বেশি তথ্য জানতে পারেন
- আপনার বিশেষ কোনো অনুরোধ বা শর্ত থাকলে সে সম্পর্কে আপনার পরিবার আমাদেরকে জানাতে পারেন, যাতে আপনার বিশ্বাস বা মূল্যবোধ বজায় রেখে অঙ্গদান প্রক্রিয়াটির পরিচালনা নিশ্চিত করা যায়
- আপনার পরিবার প্রদত্ত তথ্যের মাধ্যমে আমরা নিশ্চিত করতে পারব যে আপনার অঙ্গ অন্যের জন্য গ্রহণ করা নিরাপদ কিনা

যদি আপনার ঘনিষ্ঠ কোনো পরিবার ও বন্ধু-বান্ধব না থাকে, বা আপনি আপনার পক্ষে অন্য কাউকে আলোচনার জন্য মনোনীত করতে না চান, তাহলে NHS অঙ্গদাতা রেজিস্টারের মাধ্যমে আপনি একজন বিশ্বস্ত প্রতিনিধিকে মনোনীত করতে পারে।

আরো জানুন এবং আপনার সিদ্ধান্ত রেকর্ড করুন
দেখুন **organdonation.nhs.uk**

## অঙ্গ ও টিস্যু দান কী?

অঙ্গদান হলো প্রতিস্থাপনের প্রয়োজন রয়েছে এমন কাউকে সহায়তা করার জন্য কোনো অঙ্গ উপহার হিসেবে দেওয়া। অঙ্গ প্রতিস্থাপনের ফলে যুক্তরাজ্যে প্রতি বছর হাজার হাজার জীবন রক্ষা পায় বা উন্নত হয়। মৃত ব্যক্তির যেসকল অঙ্গ দান করা যায় সেগুলো হলো:

- হৃৎপিণ্ড
- কিডনি
- লিভার
- ফুসফুস
- অগ্ন্যাশয়
- ছোট অন্ত্র

টিস্যু যেমন ত্বক, হাড়, হৃৎপিণ্ডের বাল্ব ও কর্ণিয়াও মানুষের জীবন উন্নত করতে ব্যবহার করা যায়।

## আইনটি কেন পরিবর্তন করা হয়েছে?

আইনটি পরিবর্তন করা হয়েছে যাতে আরো বেশি সংখ্যক জীবন রক্ষা ও উন্নত করা যায়। অঙ্গদানের ক্ষেত্রে অভাবনীয় অগ্রগতি হয়েছে কিন্তু এখনো অঙ্গদাতার ঘাটতি রয়েছে। প্রতিদিন যুক্তরাজ্য জুড়ে অঙ্গ প্রতিস্থাপনের অপেক্ষায় থাকা কেউ না কেউ মারা যায়।

## আপনার বিশ্বাস বা মূল্যবোধকে কি সম্মান প্রদর্শন করা হবে?

**হ্যাঁ** আমাদের বিশেষজ্ঞ নার্সরা পরিবারের সাথে আলোচনার জন্য ব্যক্তিভিত্তিক পৃথক পদ্ধতি ব্যবহার করেন যার মাধ্যমে তারা কিভাবে অঙ্গদান প্রক্রিয়া শুরুর আগে, প্রক্রিয়া চলাকালীন ও এর পরে আপনার বিশ্বাস ও মূল্যবোধকে সম্মান প্রদর্শন করা হবে সে সম্পর্কিত প্রশ্নগুলোর জবাব দেবেন।

যদি আপনি অঙ্গদাতা হিসেবে নিবন্ধন করার সিদ্ধান্ত গ্রহণ করেন, NHS অ্যাপ বা আমাদের হেল্পলাইনের মাধ্যমে অনলাইনে সেটি করার সময় আপনি আপনার বিশ্বাস বা মূল্যবোধ বজায় রেখে অঙ্গ দান করার বিষয়ে আপনার পরিবার ও উপযুক্ত অন্য কারো সাথে NHS আলোচনা করবে কিনা সে সম্পর্কে আপনার ইচ্ছার কথা উল্লেখ করতে পারেন। আমাদের বিশেষজ্ঞ নার্সরা NHS অঙ্গদাতা রেজিস্টারে আপনার নিবন্ধন খোঁজার সময় দেখতে পাবেন আপনি এই প্রশ্নটির জবাব দিয়েছেন কিনা।

আপনার বিশ্বাস বা মূল্যবোধের প্রতি কিভাবে সম্মান প্রদর্শন করা হবে সে সম্পর্কে আরো জানুন

দেখুন **organdonation.nhs.uk**

## আপনি যে সিদ্ধান্তগুলো নিতে পারেন

**আপনি অঙ্গদাতা হিসেবে নিবন্ধন করতে চান নাকি অঙ্গদান হতে অপ্ট আউট করতে চান সে বিষয়ে আপনি এখনো যেকোনো সময় সিদ্ধান্ত নিতে পারেন।**

**আপনি:**

- **দাতা হওয়ার জন্য নিবন্ধন করতে পারেন**
  আপনার মৃত্যুর পরে কিছু বা সকল অঙ্গ ও টিস্যু দান করতে চাইতে পারেন
- **দাতা না হওয়ার জন্য নিবন্ধন করতে পারেন**
  সকল অঙ্গ ও টিস্যুদান হতে অপ্ট আউট করতে পারেন
- **পরিবর্তন বা সংশোধন করতে পারেন**
  আপনার বিস্তারিত বিবরণ বা পূর্ববর্তী নিবন্ধনের অঙ্গদান সংক্রান্ত কোনো সিদ্ধান্ত আপডেট করতে পারেন
- **আপনার পক্ষে সিদ্ধান্ত নেওয়ার জন্য কাউকে মনোনীত করতে পারেন**
  এটি হতে পারে এমন কেউ যাকে আপনি আপনার পক্ষে সিদ্ধান্ত নেওয়ার ব্যাপারে বিশ্বাস করতে পারেন এবং এর অর্থ হলো ঘনিষ্ঠতম কোনো আত্মীয়ের বদলে ঐ ব্যক্তির সাথেই যোগাযোগ করা হবে।
- **রেজিস্টার হতে নিজেকে প্রত্যাহার করতে পারেন**
  আমরা বুঝি যে আপনি রেজিস্টার হতে নিজেকে সরিয়ে নিতে চাইতে পারেন। যদি আপনি রেজিস্টার থেকে নিজেকে প্রত্যাহার করে নেন, তাহলে আপনার অঙ্গদান সম্পর্কিত কোনো সিদ্ধান্ত আমরা ফাইলে রাখব না।

## আমাদেরকে জানান, তারপর আপনার পরিবারকে জানান

**যদিও আইন পরিবর্তিত হয়েছে, অঙ্গদান প্রক্রিয়া অগ্রসর হওয়ার আগে তবুও রোগীর পরিবার বা ঘনিষ্ঠ আত্মীয়ের সাথে যোগাযোগ করা হবে।**

**অঙ্গদাতা কী করতে চাইতেন তা জানা থাকলে পরিবারের পক্ষে অঙ্গদান সম্পর্কিত সিদ্ধান্তে সহায়তা করা সহজ হবে।**

**NHS অঙ্গদাতা রেজিস্টারে যোগদান করে ও আপনার সিদ্ধান্ত সম্পর্কে জানিয়ে নিশ্চিত করুন আপনার পরিবার যেন অবগত থাকেন।**

আরো জানুন এবং আপনার সিদ্ধান্ত রেকর্ড করুন

দেখুন **organdonation.nhs.uk**

NHS অ্যাপের মাধ্যমেও আপনি আপনার সিদ্ধান্ত রেকর্ড করতে পারেন।

আপনার কাঙ্খিত জিনিসটি অনলাইনে খুঁজে না পেলে বা সিদ্ধান্তের ব্যাপারে তখনো অনিশ্চিত থাকলে আপনি অঙ্গদাতা লাইনে নিচের নম্বরে কল করতে পারেন: **0300 123 23 23**

আপনার শ্রবণজনিত সমস্যা থাকলে অনুগ্রহ করে আমাদের টেক্সট রিলে সেবা ব্যবহার করুন: **18001 0300 1232323**

আমাদেরকে টেক্সট করুন **07860 034 343** নম্বরে

## অতিরিক্ত তথ্য

যদি আপনি NHS অঙ্গদাতা রেজিস্টারে আপনার রেকর্ড সংশোধন বা প্রত্যাহার করতে চান, তাহলে আপনি অঙ্গদাতা লাইনে **0300 123 23 23** নম্বরে কল করে, **www.organdonation.nhs.uk** সাইটে গিয়ে অথবা নিম্নলিখিত ঠিকানায় লিখে সেটি করতে পারেন: Freepost RRZK–SHUX–SBCK, NHS Blood and Transplant, Fox Den Road, Stoke Gifford, Bristol BS34 8RR. আপনি NHS অ্যাপ ডাউনলোড করে সেখানেও আপনার সিদ্ধান্ত সংশোধন করতে পারেন।

NHS অঙ্গদাতা রেজিস্টার একটি গোপনীয় ও সুরক্ষিত ডেটাবেস যেখানে আপনি মৃত্যুর পর আপনার অঙ্গ ও টিস্যু দান করতে চান কিনা সে বিষয়ক সিদ্ধান্তটির রেকর্ড রাখতে পারেন। অঙ্গ দানের সম্ভাবনা দেখা দিলে বিশেষজ্ঞ নার্সরা রেজিস্টার খুঁজে দেখবেন কোনো ব্যক্তি অঙ্গদাতা হওয়ার বা না হওয়ার সিদ্ধান্ত রেকর্ড করে রেখেছেন কিনা।

আপনার সিদ্ধান্ত রেকর্ড করার অনেকগুলো উপায় সম্পর্কে এই ফ্যাক্টশীটে বলা হয়েছে, তবে আপনার সিদ্ধান্ত যাই হোক না কেন, সে সম্পর্কে আপনার প্রিয়জনকে অবহিত করে রাখা জরুরি যাতে তারা আপনার অঙ্গদান বিষয়ক সিদ্ধান্তকে সমর্থন করতে পারেন।



*রোহিত হৃদরোগে আক্রান্ত হয়ে মাত্র 55 বছর বয়সে মারা যান। তার কিডনি, হৃৎপিণ্ডের বাল্ব ও কর্ণিয়া দান করা হয়েছিল এবং সেগুলো অন্যদের উপকারে এসেছিল।*

NHSOrganDonor